“আশ‘আরীগণ যখন জিহাদের ময়দানে অবস্থান করত অথবা মদীনায় তাদের পরিবারের খাদ্য ঘাটতি দেখা দিত”

আবু মূসা আশ‘আরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আশ‘আরীগণ যখন জিহাদের ময়দানে অবস্থান করত অথবা মদীনায় তাদের পরিবারের খাদ্য ঘাটতি দেখা দিত, তখন তারা তাদের কাছে যা থাকত তা একটি কাপড়ে একত্র
করত। তারপর তারা একই প্লেটে তাদের নিজেদের মধ্যে সমহারে বণ্টন করত। তারা আমার থেকে
আর আমি তাদের থেকে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আশ‘আরীগণ হলো, আবূ মূসা আল-আশ‘আরী রাদিয়াল্লাহু ‘আনহুর সম্প্রদায়ের লোক। তাদের অবস্থা ছিল যখন তাদের খাদ্য ঘাটতি দেখা দিত অথবা যখন তারা আল্লাহর রাস্তায় জিহাদে থাকতো, তখন তাদের খাদ্য সামগ্রীকে একত্র করত এবং তা তারা তাদের নিজেদের মধ্যে সমান হারে বণ্টন করত। এ কারণে তারা ইজ্জত, সম্মান ও ভালোবাসার দিক থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সাথে সম্পর্কিত হওয়ার অধিকারী হতে সক্ষম হয়েছে। অনুরূপভাবে তিনিও তাদের এ মহান চরিত্রে তাদের অংশীদার; যাতে রয়েছে অপরকে নিজের ওপর প্রাধান্য দেওয়া ও সদা আনুগত্য অবলম্বন।

http://sunnah.global/hadeeth/bn/show/5543